

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
রাজস্ব ভবন
সেগুনবাগিচা, ঢাকা।

প্রেস বিজ্ঞপ্তি

বাংলাদেশ ও সুইজারল্যান্ডের মধ্যে সম্পাদিত দ্বৈত করারোপন পরিহার চুক্তি সংক্রান্ত।

বাংলাদেশ ও সুইজারল্যান্ডের মধ্যে দ্বৈত করারোপন পরিহার সংক্রান্ত চুক্তি আজ ১০/১২/২০০৭ তারিখ, রোজ সোমবার জাতীয় রাজস্ব বোর্ডে স্বাক্ষরিত হয়। বাংলাদেশের পক্ষে অভ্যন্তরীণ সম্পদ বিভাগের সচিব ও জাতীয় রাজস্ব বোর্ডের চেয়ারম্যান জনাব মোহাম্মদ আবদুল মজিদ এবং সুইজারল্যান্ডের পক্ষে বাংলাদেশে নিযুক্ত সুইজারল্যান্ডের মান্যবর রাষ্ট্রদূত ড. ডোরা র্যাপল্ড চুক্তিতে স্বাক্ষর করেন। এই চুক্তিতে দ্বৈত কর পরিহার সংক্রান্ত বিভিন্ন বিষয়ে মোট ২৮টি আর্টিকেল রয়েছে। সুইজারল্যান্ডের সাথে স্বাক্ষরিত এই চুক্তির বিধানাবলী বাংলাদেশ কর্তৃক ইতোপূর্বে অন্যান্য দেশের সাথে সম্পাদিত অনুরূপ চুক্তির নীতিমালার সাথে সামঞ্জস্যপূর্ণ। এই চুক্তিটি বাস্তবায়িত হলে বাংলাদেশ ও সুইজারল্যান্ডের মধ্যে বিদ্যমান অর্থনৈতিক সম্পর্ক সুদৃঢ় হবে এবং বাংলাদেশে সুইজারল্যান্ডের বিনিয়োগ প্রসার লাভ করবে বলে আশা করা যায়। প্রসংগত উল্লেখ্য, এ যাবত বাংলাদেশে সুইজারল্যান্ডের মোট বিনিয়োগের পরিমাণ (Registered) ১১৮.৪৯ মিলিয়ন ইউএস ডলার। উক্ত বিনিয়োগ ২৬টি খাতে (Project) করা হয়েছে/হবে। বাংলাদেশ থেকে সুইজারল্যান্ডে রপ্তানির পরিমাণ প্রায় ১০০ মিলিয়ন ইউএস ডলার। বাংলাদেশ থেকে প্রধানত তৈরী পোষাক রপ্তানি করা হয়। তবে কিছু চামড়া, কাঁচা পাট, পাটজাত দ্রব্য, তামাক ইত্যাদিও রপ্তানি করা হয়। পক্ষান্তরে সুইজারল্যান্ড থেকে বাংলাদেশে আমদানীর পরিমাণ প্রায় ১১৬ মিলিয়ন ইউএস ডলার। আমদানীকৃত পণ্যের মধ্যে- টেক্সটাইলস মেশিনারীজ, ঘড়ি, ঔষধ ইত্যাদি উল্লেখযোগ্য। সুইজারল্যান্ডের যে সব কোম্পানী বাংলাদেশে ব্যবসা পরিচালনা করছে তাদের মধ্যে উল্লেখযোগ্য হলো- নোভারটিজ (Novartis), সিনজেন্টা (Synzenta), হোলসিম (Holcim), নেসলে (Nestle)।

(মোঃ মোস্ফা কামাল পাঠান)

জনসংযোগ কর্মকর্তা

জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।

ফোন # ৯৩৪৬৮২৪

Website: <http://www.nbr-bd.org>

প্রাপক :

প্রধান তথ্য কর্মকর্তা

তথ্য অধিদপ্তর

বাংলাদেশ সচিবালয়, ঢাকা।